



রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
আরডিএ ভবন, বনলতা বাণিজ্যিক এলাকা,
রাজশাহী-৬২০৩।

“ সংশোধনী বিজ্ঞপ্তি ”

স্মারক নং-০৪০.০০৬.১৫৩২.০২.০০০.২০১৭-৯১১(ক)

তারিখ: ২৭/১২/২০১৮ খ্রি:

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের গত ০১/০৬/২০১৭ খ্রি: তারিখের ০৪০.০০৬.১৫৩২.০২.০০০.২০১৭.৪৪৬ নং স্মারকের পরিপ্রেক্ষিতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বনলতা বাণিজ্যিক এলাকা সম্প্রসারণ ও আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্পে বরাদ্দ উপযোগী ৩১টি আবেদনকারীর নামের তালিকা দৈনিক আমাদের রাজশাহী, দৈনিক সোনার দেশ, দি ডেইলী অবজারভার, দৈনিক আমাদের সময় পত্রিকায় গত ০৪/০৬/২০১৭খ্রি: তারিখে প্রকাশিত হয়। প্রকাশিত তালিকা কে কেন্দ্র করে গত ০৫/০৬/২০১৭খ্রি: তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায় “নজিরবিহীন অনিয়ম - দুর্নীতি আরডিএ’র বনলতার ৩১ প্লট হরিলুট” শিরোনামে ভিত্তিহীন বানোয়াট মানহানিকর প্রতিবেদন প্রকাশ করে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের সুনাম ক্ষুণ্ন করায় গত ১৭/০৭/২০১৭খ্রি: তারিখে অনুষ্ঠিত ০৪/২০১৭তম সাধারণ/বোর্ড সভায় (ঙ) বুদ্ধিজীবী: (১) শিল্পী/সাহিত্যিক/সাংস্কৃতিক কর্মী/ক্রীড়াবিদ/সাংবাদিক ক্যাটাগরিতে প্রাপ্ত দৈনিক যুগান্তর পত্রিকার ৩(তিন) জন সাংবাদিকের বরাদ্দপত্র জারী না করে স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং কর্তৃপক্ষের বিরুদ্ধে ভিত্তিহীন বানোয়াট মানহানিকর সংবাদ প্রকাশ করিয়া রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের সুনাম ক্ষুণ্ন করায় দৈনিক যুগান্তর পত্রিকার প্রকাশনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে যুগ্ম জেলা জজ ১ম আদালত, রাজশাহীতে ১০,০০,০০,০০০/- (দশ কোটি) টাকার মানহানির মামলা দায়ের করা হয়। মামলা নং ১২/২০১৭ (টাকা)। সংবাদ প্রকাশিত হওয়ার পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে একবার এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশের পরিপ্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে দুইবার সংশ্লিষ্ট বিষয়ে তদন্ত হলে প্লট বরাদ্দের ক্ষেত্রে কোন অনিয়ম হয়নি মর্মে প্রতিবেদন প্রদান করেন এবং দুর্নীতি দমন কমিশন হতেও তদন্ত করা হলে সেখানেও কোন অনিয়ম না পাওয়ায় তদন্ত পরিসমাপ্ত করা হয়। গত ২৭/১১/২০১৮খ্রি: তারিখের ০২/২০১৮তম বোর্ড সভায় সার্বিক বিষয় পর্যালোচনা করে প্রাথমিক বরাদ্দ তালিকা হতে ১১, ১২ ও ১৩ নং ক্রমিকের নাম বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ০৪/০৬/২০১৭ খ্রি: তারিখে দৈনিক আমাদের রাজশাহী, দৈনিক সোনার দেশ, দি ডেইলী অবজারভার, দৈনিক আমাদের সময় পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রাথমিক বরাদ্দ তালিকা হতে ১১নং ক্রমিকের মোঃ গোলাম মোস্তফা (আনু মোস্তফা), ১২ নং ক্রমিকের মোঃ আব্দুল্লাহ আল মামুন এবং ১৩ নং ক্রমিকের তোহর আহমেদ এর নাম বাতিল করা হলো।

24/12/18

(বীর মুক্তিযোদ্ধা অধ্যক্ষ মোঃ বজলুর রহমান)

চেয়ারম্যান

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।

ফোন নং-০৭২১-৭৬২০২১